# লিন্ডে বাংলাদেশ লিমিটেড

## বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, লিন্ডে বাংলাদেশ লিমিটেড-এর ৫৩তম বার্ষিক সাধারণ সভা ভার্চুয়্যাল ডিজিটাল প্ল্যাটফর্ম-এ নিম্নলিখিত লিংক-এ https://agmbd.live/lindebd2026, আগামী ১০ জুন , ২০২৬, রোজ বুধবার, সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরূপঃ

১। ৩১ ডিসেম্বর ২০২৫ সমাপ্ত বছরের হিসাব, অডিটরদের এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।

২। ৩১ ডিসেম্বর ২০২৫ সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা।

৩। পরিচালক নির্বাচন।

৪। অডিটর নিয়োগ ও সম্মানী নির্ধারণ।

৫। কমপ্লায়েন্স অডিটর নিয়োগ ও সম্মানী নির্ধারণ।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

এসডি/-

**আবু মোহাম্মদ নিছার এফসিএস**
কোম্পানি সচিব
৮ এপ্রিল ২০২৬

**রেজিস্ট্রিকৃত কার্যালয়**
কর্পোরেট অফিস
২৮৫ তেজগাঁও, ঢাকা

**টীকাঃ**

১। যে সকল শেয়ারহোল্ডারগণের নাম রেকর্ড ডেট ২৯ এপ্রিল ২০২৬ পর্যন্ত কোম্পানি সদস্য বহি কিংবা ডিপোজিটরী বহিতে বৈধভাবে থাকবে তাদের হস্তান্তরিত শেয়ারসমূহের জন্য উক্ত শেয়ার গ্রহীতা সাধারণ সভায় যোগদানের এবং লভ্যাংশ লাভের যোগ্য বলে বিবেচিত হবেন।

২। বাংলাদেশ সিকিউরিটিজ এবং এক্সচেঞ্জ কমিশনের আদেশ অনুযায়ী অর্ডার নম্বর এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩১/২৫, তারিখ ৮ জুলাই ২০২০, এজিএম সদস্যদের ভার্চুয়াল সভা হবে যা ডিজিটাল প্ল্যাটফর্ম-এ লাইভ ওয়েবকাস্টের মাধ্যমে পরিচালিত হবে।

৩। সদস্যগণ এজিএম শুরুর ২৪ ঘন্টা আগে এবং এজিএম চলাকালীন ইলেক্ট্রনিকালি তাদের প্রশ্ন/মন্তব্য জমা দিতে এবং ভোট দিতে সক্ষম হবেন। সিস্টেমে লগ ইন করার জন্য, সদস্যদের লিংক https://agmbd.live/lindebd2026 -টি পরিদর্শন করে তাদের পরিচয়ের প্রমাণ হিসাবে তাদের ১৬-সংখ্যার বেনিফিশিয়াল ওউনার (বিও) আইডি নম্বর এবং অন্যান্য ক্রীডেনশিয়াল স্থাপন করতে হবে।

৪। সভা শুরুর পূর্বেই আমরা সদস্যগণদের সিস্টেমে লগইন করতে উৎসাহিত করি। অনুগ্রহপূর্বক সিস্টেমে লগইন এবং সংযোগ স্থাপনের জন্য যথাযথ সময় দিয়ে সহযোগিতা করুন। ওয়েবকাস্ট সকাল দশ ঘটিকায় শুরু হবে। ভার্চুয়্যাল সভায় প্রবেশের ক্ষেত্রে প্রযুক্তিগত কোন সমস্যার সম্মূখীন হলে অনুগ্রহ করে ৮৮০২-২২৬৬০৩৮৪১-৪ এই নম্বরে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

৫। বার্ষিক সাধারণ সভায় যোগদানের যোগ্য সদস্য তার পক্ষে সভায় যোগদান ও ভোট প্রদানের জন্য একজন প্রক্সি নিয়োগ করতে পারেন। নিজ অধিকারে সভায় যোগদান ও ভোট প্রদানে সক্ষম না হলে কোন ব্যক্তি প্রক্সি হিসেবে কাজ করতে পারবেন না। এজিএম শুরুর ৭২ ঘন্টার মধ্যে প্রক্সি ফর্মটি যথাযথভাবে পূরণ, স্বাক্ষরিত এবং ১০০ টাকা স্ট্যাম্পযুক্ত করে কোম্পানির অফিসে অথবা ইমেইলে info.bd@linde.com এ প্রেরণ করতে হবে।

Publication in Dailies:

| News Paper | Date | Size | Page | Remarks |
|---|---|---|---|---|
| The Prothom Alo | 24.05.26 | 7.0 x 2 col. | Best available position | Notice of AGM |